

## 🗏 আল-মায়েদা | Al-Ma'ida | ٱلْمَائِدَة

আয়াতঃ ৫: ৬২

## **া** আরবি মূল আয়াত:

وَ تَرَى كَثِيرًا مِّنهُم يُسَارِعُونَ فِي الإِثْمِ وَ العُدوَانِ وَ أَكَلِهِمُ السُّحت ؟ لَبئسَ مَا كَانُوا يَعمَلُونَ ﴿٤٢﴾

## 

আর তুমি তাদের মধ্য থেকে অনেককে দেখতে পাবে যে, তারা পাপে, সীমালজ্ঘনে এবং হারাম ভক্ষণে ছুটোছুটি করছে। তারা যা করছে, নিশ্চয় তা কতইনা মন্দ! — আল-বায়ান

তাদের অনেককেই তুমি পাপ, শত্রুতা আর হারাম ভক্ষণের প্রতিযোগিতায় ব্যস্ত দেখতে পাবে। তারা যা করে তা কতই না নিকৃষ্ট! — তাইসিকল

আর তুমি তাদের মধ্যে অনেককে দেখবে, দৌড়ে দৌড়ে পাপ, যুলম ও হারাম ভক্ষণে নিপতিত হচ্ছে; বাস্তবিকই তারা খুব মন্দ কাজ করছে। — মুজিবুর রহমান

And you see many of them hastening into sin and aggression and the devouring of [what is] unlawful. How wretched is what they have been doing. — Sahih International

৬২. আর তাদের অনেককেই আপনি দেখবেন পাপে, সীমালজ্ঘনে ও অবৈধ খাওয়াতে তৎপর(১); তারা যা করে তা কতই না নিকৃষ্ট।

(১) আয়াতে অধিকাংশ ইয়াহুদীদের চারিত্রিক বিপর্যয় ও ক্রমাগত ধ্বংসের কথা উল্লেখ করা হয়েছে- যাতে শ্রোতারা উপদেশ গ্রহণ করে এবং এসব কার্যকলাপ ও তার কারণ থেকে আত্মরক্ষা করে। কোন কোন মুফাসসির বলেন, 'তাদের সম্পর্কে দৌড়ে দৌড়ে পাপে পতিত হওয়া' শিরোনাম ব্যবহার করে কুরআনুল করীম ইঙ্গিত করেছেন যে, তারা এসব কুঅভ্যাসে অভ্যস্ত অপরাধী এবং এসব কুকর্ম মজ্জাগত হয়ে তাদের শিরা-উপশিরায় জড়িত হয়ে গেছে। এখন তারা ইচ্ছা না করলেও সেদিকেই চলে। এতে বুঝা যায় যে, মানুষ সৎ কিংবা অসৎ যে কোন কাজ উপর্যুপরি করতে থাকলে আস্তে আস্তে তা মজ্জাগত অভ্যাসে পরিণত হয়ে যায়। এরপর তা করতে তার কোনরূপ কষ্ট ও দ্বিধা হয় না।

ইয়াহুদীরা কুঅভ্যাসে এ সীমায়ই পৌছে গিয়েছিল। অথচ তারা মনে করে যে, তারা উঁচু মর্যাদাসম্পন্ন। তারা যা আমল করে তা কতই না মন্দ! [সা'দী) এ বিষয়টি প্রকাশ করার জন্য বলা হয়েছে, (يُسَارِعُونَ فِي الْإِثْمِ) অর্থাৎ "তারা দৌড়ে দৌড়ে গিয়ে পাপে পতিত হয়।" সৎকর্মে নবী এবং ওলীদের অবস্থাও তদ্রুপ। তাদের সম্পর্কে



কুরআনুল কারীমে এসেছে, (يُسَارِعُونَ فِي الْخَيْرَاتِ) অর্থাৎ "তারা দৌড়ে দৌড়ে পূণ্য কাজে আত্মনিয়োগ করে।" [সূরা আল-আম্বিয়া: ৯০]

তাফসীরে জাকারিয়া

(৬২) আর তাদের অনেককেই তুমি পাপে, সীমালংঘনে ও অবৈধ ভক্ষণে তৎপর দেখবে। তারা যা করে, নিশ্চয় তা নিকৃষ্ট!

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=731

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন